

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স- ১৪৬
কাঞ্চনপুর, ২০ এপ্রিল, ২০২৪

লোকসভা নির্বাচন-২০২৪

কাঞ্চনপুর মহকুমায় মহিলা ভোটগ্রহণ কর্মীদের মহড়া

লোকসভা নির্বাচনে ২-ত্রিপুরা পূর্ব (এসটি) সংসদীয় ক্ষেত্রের নির্বাচন উপলক্ষে গত ১৮ এপ্রিল কাঞ্চনপুর মহকুমায় মহিলা ভোটগ্রহণ কর্মীদের এক মহড়া অনুষ্ঠিত হয়। কাঞ্চনপুর রেভিনিউ ডাকবাংলোয় অনুষ্ঠিত এই মহড়ায় ৫৪ জন মহিলা ভোটগ্রহণ কর্মী অংশ নেন। মহড়ায় ভোটগ্রহণ কর্মীদের প্রশিক্ষণ দেন ডিসিএম রাজীব ভট্টাচার্য, ডিসিএম শক্তি দেববর্মা ও মাস্টার ট্রেনারগণ। উপস্থিত ছিলেন উত্তর ত্রিপুরা জেলার অতিরিক্ত জেলাশাসক বিপ্লব দাস।
